

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫

২৮ এপ্রিল ২০০৮

তারিখঃ -----

১৫ বৈশাখ ১৪১৫

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ এর ব্যবসা পুনরায় চালুকরণ প্রসঙ্গে।

দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ এর ব্যবসা পুনরায় চালু করার জন্য ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৭৭(২) ধারার আওতায় জারীকৃত স্থগিতকরণ (Moratorium) আদেশ সরকার কর্তৃক ৫ মে ২০০৮ তারিখ হতে প্রত্যাহার করা হয়েছে।

এতদ্বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ২২ এপ্রিল ২০০৮ তারিখের অম/অবি/ব্যাঃ নীঃ শা-১/১১(২১)/৯৭(অংশ-১)/৯৩ সংখ্যক প্রজ্ঞাপনটির অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: ০১ (এক) পৃষ্ঠা।

(মোঃ জাহাঙ্গীর আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১১৭৮২৫

(বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
ব্যাংকিং নীতি শাখা-১

প্রজ্ঞাপন

নং অম/অবি/ব্যাঃ নীঃ শা-১/১১(২১)/৯৭(অংশ-১)/৯৩

২২-০৮-২০০৮ খ্রিঃ
তারিখঃ -----
০৯-০১-১৪১৫ বঃ

অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং- অম/অবি/ব্যাঃ নীঃ শাখা-১/১১(২১)/৯৭(অংশ-১)/১৭ তারিখ ২৫-০১-২০০৭ খ্রিঃ এবং উক্ত প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে জারীকৃত প্রজ্ঞাপন নং- অম/অবি/ব্যাঃ নীঃ শাখা-১/১১(২১)/৯৭(অংশ-১)/১৫২ তারিখ ২৫-০৬-২০০৭ খ্রিঃ ও প্রজ্ঞাপন নং- অম/অবি/ব্যাঃ নীঃ শাখা-১/১১(২১)/৯৭(অংশ-১)/১০ তারিখ ০৯-০১-২০০৮ খ্রিঃ মোতাবেক ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সালের ১৪ নং আইন) এর ৭৭(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সাথে পরামর্শক্রমে দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ-এর ব্যবসা সাময়িকভাবে স্থগিতকরণ (Moratorium) আদেশ প্রদান করা হয়।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৭৭(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক অনুমোদিত দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড (পুনর্গঠন) স্বীকৃত, ২০০৭ বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের অনুরোধের প্রেক্ষিতে দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ এর ব্যবসা পুনরায় চালু করার জন্য আগামী ৫ মে, ২০০৮ তারিখ হতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৭৭(২) ধারার আওতায় জারীকৃত বর্ণিত স্থগিতকরণ (Moratorium) আদেশ প্রত্যাহার করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরঃ
(মোঃ রিজওয়ানুল হুদা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬১৫৫৮